

উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বিমাসিক সভা।

সভাপতি : জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

তারিখ : ০২/০৬/২০২২ খ্রিঃ।

সময় : বেলা- ১১.০০ টা।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়।

উপস্থিত সদস্য বৃন্দ :

- ১। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ - (সদস্য)
- ২। চেয়ারম্যান ৩নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ - (সদস্য)
- ৩। চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ- (সদস্য)
- ৪। উপজেলা কৃষি অফিসার, বটিয়াঘাটা, খুলনা - (সদস্য সচিব)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিবকে বিগত সভার কার্যবিবরণী পাঠ পূর্বক কার্যপত্র অনুসারে বর্তমান সভায় আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি বর্তমান সভার আলোচনা শুরু করেন।

আলোচনা -০১ : আগাম আমন বীজতলা প্রস্তুত, আউশ ফসলে সুষম মাত্রায় সার ব্যবহারের জন্য কৃষকদের সচেতন করা ও অফ-সিজন তরমুজ আবাদ বৃদ্ধি।

০২ঃ ফুল, ফল ও বনজ বৃক্ষের চারা/কলম রোপন করার জন্য কৃষকদের সচেতন করা।

১.১ সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, উপজেলায় গত মৌসুমে ১৭,৬০০.০০ হেক্টর জমিতে আমন ধান চাষ হয়েছিল। এ বছর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭,৭০০.০০ হেক্টর। শুরুতে কৃষকেরা যাতে ধানে সুষম মাত্রায় সার প্রয়োগ, সঠিক বয়সের চারা রোপন, লাইন ও লোগো পদ্ধতিতে চারা রোপন ও সঠিক পরিচর্যা করেন সে লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বটিয়াঘাটা, খুলনা, দলীয় আলোচনা, উঠোন বৈঠক, ব্যক্তিগত যোগাযোগ ইত্যাদির মাধ্যমে কৃষকদের সচেতন করে চলেছেন। এ কাজে জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২ উপজেলায় অধিক মূল্যের ফসল হিসাবে অফ-সিজন তরমুজ চাষের প্রসার ঘটে চলেছে। গত মৌসুমে বিশেষ করে বটিয়াঘাটা, গংগারামপুর ও সুরখালী ইউনিয়নের কৃষকেরা আগ্রহের সাথে এ ফসলের চাষে এগিয়ে এসেছিলেন। গত বছর উপজেলায় ৩৫.০০ হেক্টর জমিতে তরমুজ চাষ হয়েছিল। এ বছর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৬৫.০০ হেক্টর। তরমুজ চাষের ক্ষেত্রে কৃষকেরা যাতে জৈবিক পদ্ধতি অবলম্বন করেন সে ব্যাপারে সহযোগিতা করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বটিয়াঘাটা, খুলনা, এর মাঠ পর্যায়ে দলীয় আলোচনা, উঠোন বৈঠক, ক্যাম্পিং ইত্যাদির মাধ্যমে কৃষকদের সচেতন করে চলেছেন। তরমুজ চাষের ক্ষেত্রে কৃষকেরা এ কাজে জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৩ বর্তমানে বর্ষা মৌসুম চলছে। এখনই গাছের চারা রোপনের উপযুক্ত সময়, এ বছর আমরা বেশি বেশি করে গাছ লাগাবো।

জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা আলোচনা করেন যে, অত্র উপজেলার কৃষকদের মাঝে বিনামূল্যে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষের চারা বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সদস্য সচিব সভায় জানান যে, পোকাকার আক্রমণ থেকে আউশ ধান রক্ষার লক্ষ্যে রোপনের শুরু থেকেই বিঘাপ্রতি ১২-১৫ টি ডাল/কঞ্চি পুতে (পার্চিং) দিলে বিভিন্ন প্রকার পোকা থেকে পাখি ডালে বসে ফসলের ক্ষতিকারক পোকা খাওয়ার ফলে পোকাকার আক্রমণ অনেকাংশে কমানো সম্ভব। সদস্য সচিব আরও জানান যে, ইতিমধ্যে ফরেস্টারকে ডাল কাটার বিষয়ে অবহিত করা হয়েছে। তার সম্মতিক্রমে সামাজিক বনায়নকৃত গাছ থেকে এলাকার কৃষকবৃন্দ তাদের ধানক্ষেতে ডাল পোতার(পার্চিং) জন্য ছাটাই করা দরকার এমন ডালপালা কেটে ক্ষেতে পোতার ব্যবস্থা করবে এবং আউশ ধান ক্ষেতের পাশে কৃষ্ণ পক্ষ আলোক ফাঁদ ব্যবহার করে পোকাকার উপস্থিতি জেনে পোকা দমনের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০১

১.১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জন প্রতিনিধিদেরও কর্মতৎপরতা চালিয়ে যাবার সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২ কৃষকেরা যাতে জৈব পদ্ধতিতে তরমুজ সহ সকল ফসল চাষের ক্ষেত্রে জৈব সার ও জৈব বালাই নাশক ব্যবহারে উদ্বুদ্ধ হয় সে ব্যাপারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জন প্রতিনিধিদেরও কর্মতৎপরতা চালিয়ে যাবার সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৩ উপজেলা পরিষদের অর্থায়নে কৃষকদের মাঝে বিনামূল্যে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

নিতাই গাইন
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বটিয়াঘাটা, খুলনা।

তারিখঃ ০২/০৬/২২ খ্রিঃ।

স্মারক নং : ১২.১০.০০০০.১২০.৯৯.০১৩.২০১৯/১৫ (৫)

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৫। চেয়ারম্যান, ৬ নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।


উপজেলা কৃষি অফিসার
বটিয়াঘাটা, খুলনা।